



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-২ শাখা

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

www.lgd.gov.bd

স্মারক নম্বরঃ ৪৬.০০.০০০০.০৮৫.১৪.২১.২০১৯-৬৬৬

তারিখঃ ১১ পৌষ ১৪২৯
২৬ ডিসেম্বর ২০২২

বিষয়: কোরিয়ান এক্সিম ব্যাংকের উন্নয়ন সহযোগীতায় ইউসিএফ ফান্ডে বাস্তবায়নাধীন চট্টগ্রাম ওয়াসার “ভান্ডাল জুড়ি পানি সরবরাহ প্রকল্প” এর ঋণ চুক্তি সমাপ্তির মেয়াদ (Completion Date) এবং ব্যয়নের মেয়াদ (Disbursement Date) বৃদ্ধিকরণ।

সূত্রঃ চট্টগ্রাম ওয়াসা এর স্মারক নং-৪৬.০৬.০০০০.৩২৫.০০৭.০৩১(পার্ট-১).২০১৮/৩৩৬ তারিখ: ১২/১২/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোরিয়ান এক্সিম ব্যাংক এর উন্নয়ন সহযোগীতা (ইউসিএফ ফান্ড), বাংলাদেশ সরকার এবং চট্টগ্রাম ওয়াসার যৌথ অর্থায়নে “ভান্ডাল জুড়ি পানি সরবরাহ প্রকল্প” টি বাস্তবায়নাধীন আছে। উন্নয়ন সহযোগী কোরিয়ান এক্সিম ব্যাংকের অনুমোদনক্রমে Project Completion Date ৩০ জুন ২০২৩ তারিখ এবং Final Disbursement Date ৩১ ডিসেম্বর ২০২৩। ২৪ সেপ্টেম্বর ২০১৯ তারিখে কোরিয়ান এক্সিম ব্যাংক কর্তৃক তা অনুমোদিত হয়। ১৫ জুলাই, ২০১৯ তারিখে চট্টগ্রাম ওয়াসা ও কোরিয়ান ঠিকাদার Taeyoung E&C এর মধ্যে সম্পাদিত MOU অনুযায়ী ১ সেপ্টেম্বর, ২০১৯ তারিখ হতে প্রকল্প বাস্তবায়ন কাজ শুরু হয়। ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক কাজ শুরুর প্রথম অবস্থায় দ্রুত অগ্রগতি সম্পাদিত হলেও প্রকল্প বাস্তবায়নকালে বৈশ্বিক মহামারী কোভিড-১৯ সহ নানাবিধ কারণে প্রকল্পের অগ্রগতি কিছুটা শ্লথ হয়ে আসে। এতে প্রকল্পের অবশিষ্ট কাজসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের উদ্দেশ্যে “ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে” মেয়াদকাল এক বছর বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। প্রকল্পের Completion Date & Disbursement Date বর্ধিত করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কোরিয়ান এক্সিম ব্যাংকে পত্র প্রেরণ করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, চট্টগ্রাম ওয়াসা কর্তৃক বাস্তবায়নাধীন “ভান্ডাল জুড়ি পানি সরবরাহ প্রকল্প” টির চুক্তি সমাপ্তির মেয়াদ (Completion Date) ৩০ জুন ২০২৪ এবং ব্যয়নের মেয়াদ (Disbursement Date) ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত বর্ধিত করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে

মোঃ আকবর হোসেন
উপসচিব
ফোন: ৫৫১০০৩৭০
lgws2@lgd.gov.bd

সচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

অনুলিপি : (সদয় অবগতির জন্য)

- ১। ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম ওয়াসা
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ